

# আমিত্ব

# তুলট সাহিত্যকৃতি, লেখার আর্কাইভ

প্রকাশকালঃ সেপ্টেম্বর ২০২২
সম্পাদকঃ তুলট
প্রকাশকঃ জান্নাতুল ফেরদৌসী
গ্রন্থস্বত্বঃ প্রকাশক
কম্পিউটার প্রিন্টঃ প্রকাশক
বিশেষ কৃতজ্ঞতা জ্ঞাপনঃ তুলট সাহিত্যমঞ্চ

তেজতুরি বাজার চক, ঢাকা হতে প্রকাশিত। একটি 'তুলট ডেটা সার্ভিসেস এন্ড পাবলিকেশনস' প্রকাশনা

**https://toulot.com/lekhok-moncho/**

আমাদের বিষয়ে
যোগাযোগ
সহায়তা
Privacy Policy
Terms & Conditions

© 2022 Toulot. All rights reserved.

# কবি পরিচিতি



১৯৮২ সালের ১৯ জানুয়ারি, যশোর জেলার ছাতিয়ান তলায় মাতুলালয়ে জন্মগ্রহন করেন।

শিক্ষাগতযোগ্যতাঃ এম,এ.এম,এড.।

২০০০ সালে তিনি সাঁকো প্রকাশনি থেকে “কবি”হিসেবে স্বীকৃতি লাভ করেন। পেশায় তিনি একজন শিক্ষক(**GPS**)।কবির প্রকাশিত বইয়ের নাম“বনফুলের সন্ধানে,নতুন তার মিছিলে ।”

# মুখবন্ধ


বাংলাদেশের প্রেক্ষাপটে লেখা হয়েছে। এখানে বাস্তবতার ছোঁয়া সন্নিবেশিত। চলার পথের পাথেয় স্বরূপ শিক্ষণীয় কিছু লেখনী স্থান পেয়েছে। আমরা যা বলি, প্রকাশ করি, তার অনেক কিছুই স্বপ্নই থেকে যায়। তেমন কিছু কথা এখানে কলমের কালিতে প্রকাশ পেয়েছে। আশা করছি পাঠকের ভালো লাগবে আমার লেখাগুলো।

জান্নাতুল ফেরদৌসী
সহকারী শিক্ষক

https://toulot.com/lekhok-members/ferdausi/

# উৎসর্গ

শ্রদ্ধাভাজন আমার মা-বাবা
এবং আমার একমাত্র
আদরের পুত্তলি জাওয়াদ
ইয়াসার জোহা



# স্বাগতম

AT.জান্নাতুল ফেরদৌসী

শুরুটা এখানেই,শেষ করেছিনু যেখানে......
বন্ধ দুয়ার খুলিয়া দেখিনু,আসিয়াছে সে;
মুদিত নেত্রে কহিল মোরে,"চিনিয়াছ কি তব আমায় ?"
এক পলক চাহিয়া কহিনু,হুম......
"স্বাগতম"!
হাসিয়া কহিল,"আনিয়াছি সাথে লয়ে--
ফেলে আসা স্মৃতিখানি !
রাখিও যতনে,নয়নের কোঠরে
হাসির ডালিখানি !"
অপলক নেত্রে চাহিয়া রহিনু কেবল,
করিনিকো বাক্য ব্যয়,
মৃদু অধোরায়,কহিনু পুনরায়--
জানায় অভিনন্দন;সাধুবাদ-স্বাগতম !

(১০.০৯.২০২২ইং.)

https://toulot.com/lekhok-members/ferdausi/notifications/



# অম্বু

জান্নাতুল ফেরদৌসী

বয়স আমার কম নয়;
তবুও বন্ধু খুঁজে পাই।
আমার গতি,আকাশ ছোঁয়া,
ভাবনা জেগে রয় !
আমায় নিয়ে ছুটছে সবাই,
বিরামহীন অধরায় !
একবচনে থাকি আমি,
বহুবচনের দ্বারে ।
আমায় ছাড়া পারে নাকো,
একা থাকতে ঘরে-
যেথায় যাবে দেখবে আমায়,
অগনিতর ভাঁড়ে ।
ধন্য আমার জন্মলিখন,
ধন্য জীবন মোর !
সাধুবাদে দক্ষিণা পায়,
যত্নে কাটে ঘোর !

(১৬.০৯.২০২২ইং.)

https://toulot.com/lekhok-members/ferdausi/notifications/



## কলম

জান্নাতুল ফেরদৌসী

প্রশ্ন আসে মনে,
সুধাই বারেবারে---
কলম তুমি কার ?
হিতাহিত জ্ঞান আছে যার ।
কৌতুহলী মনে;প্রশ্ন করি পুনরায় --
কলম তুমি কার ?
স্বপ্ন আছে যার !
মুক্ত ডানায় খোলা নেত্রে,
প্রশ্ন করি আবার --
কলম তুমি কার ?
কথা বিহীন জীবন আছে যার !
জনসভায়,কিংবা আদালতে,
প্রশ্ন করি তারে ---
কলম তুমি কার ?
আবেশ ছড়িয়ে বলে আরবার;
নীতিবোধ আছে যার ।
পথে-প্রান্তে,বাইরে কী ভিতরে,
প্রশ্ন রাখি তার ;
কলম তুমি কার ?
সাধু-অসাধু,সচল-অচল,রংছটায়,
আছে যে যেথায় ; থাকি আমি তার !!

(২১.০৯.২০২২)

https://toulot.com/lekhok-members/ferdausi/



# "শিষ্টাচার"

জান্নাতুল ফেরদৌসী

শিষ্টায় আমি শান্ত,
আচারে আমি কঠোর !
অটল আমার পথ চলা--
শৃঙ্খলায় অনন্ত।
দশে-জনে শোনে কথা,
বাহবা শুনি সেথা !
গুননে গুনন ঢালি;
ভাণ্ডার হয়না মোর খালি।
কাদা-মাটি,কন্টক,আসে যত পিছে,
বলি আমি বারংবার এ সবই মিছে ।
সদাচার-সাধুবাদ যাবে সব ধুয়ে,
রবে শুধু শিষ্টাচার,
দিয়েছি যাদের মাঝে !

(২১.০৯.২০২২ইং.)

https://toulot.com/lekhok-members/ferdausi/




# শিক্ষার ভিত

জান্নাতুল ফেরদৌসী

বাংলার ঘরে জন্ম আমার,
বাংলায় বসবাস।
এতোটুকু সম্মান আমার
নেই কো আশ-পাশ!
উঁচু-নিচু বিভেদ হয়না,
আমার পাঠাগারে।
শোনা-বলার ফুলঝুরিতে
রাখে সর্বনিম্নস্তরে।
আমায় বিনে হয়না কেউ,
জজ-ব্যারেস্টার-ডাক্তার।
তবুও সম্মান পায়নিকো আজও
প্রাথমিক শিক্ষাস্তর!
নাক সিঁটকায়,চোখ রগড়ায়,
জনে জনে পঞ্চায়েত গায় –
"সেবা তোমার এক পয়সার,
সম্মান কি হবে সেথায়!
হাতে খড়ি,মুখে ভাত,
যে যায় বলো,সবই অজুহাত।"
হাসি রাখি চেপে,চোখে আসে জল মেপে!
উপর তলায় যাওয়ার আগে;
নিচ তলায় চরণ থাকে,
দেখেছো কি কেউ ভেবে?
মনের মান মনেই রবে,
শিক্ষার ভিত মজবুত হবেই হবে!

(২৫.০৯.২০২২ইং.)

https://toulot.com/lekhok-members/ferdausi/notifications/





# "বিশ্ব শিক্ষক দিবস"
## জান্নাতুল ফেরদৌসী

শিক্ষক আমি গড়ি শিক্ষার হাতিয়ার,
কাদামাটি,নুড়ি-বালি,
আছে যত ফেলে দেওয়া ফুলিয়ার।
করমর্দনে হবে সকলে আলোর
অভিযাত্রী;
জয়ের মাল্য আসবে নিয়ে,
সাক্ষী বিশ্বার্থী।
ঝড়-জল,কন্টক-ছল
খুটেছি যত পথে,
তবুও নয়নে আসেনিকো জল,
সুখ-নিদ্রা গেছে মোর সাথে !
স্বপ্ন যায় মনে আসে তাই,
সুধারসে ফিরে পাই।

( ০৫.১০.২০২২ইং.)

https://toulot.com/lekhok-members/ferdausi/notifications/

# “ শিক্ষকের হাত ধরেই শিক্ষা ব্যবস্থার রূপান্তর শুরু ”-শিক্ষক দিবসঃ ২৭ অক্টোবর ২০২২




## শিক্ষক

জান্নাতুল ফেরদৌসী

শিষ্টাচার, ক্ষমা, কর্মঠে ত্রিযোটক-
শিখর-বন্ধনে বন্ধনী আটক;
আঁধারের আলো,অনাগতর বাণী
জ্ঞানে-অজ্ঞানে,হাস্যজ্জ্বল
স্বর্ণযোজক।
ভর্ৎসনা,অবহেলা,আছে যত
শাণিত-বাক্য,
মনকণ্ঠে পুষে নিয়ে চলিছে
চিরন্তনী।
তবু জেগে রয় চিবুক স্পর্শী
আনিত-শক্য;
মিথ্যা অহমিকায় না জানি সাজে,
আছে যত শিক্ষক সকলের মাঝে !
গুরুর দীক্ষা হবে নাকো ক্ষয়-
কুন্ঠিত নেত্রে হবে তার জয়।।
শিক্ষক মোরা গড়ি শুন্যের ভিত,
গাই সাম্যের গীত !!
গুরুর দীক্ষা হবেনা বিফল,
আনবে প্রভাত করিতে সফল ।
রবেনা কিছুই,থেকে যাবে শুধুই
দিয়েছি যে জ্ঞান ছড়িয়ে প্রাণ,
আশার আলো যতনে ঢালি
পূর্ণ হবে আছে যত পাত্র খালি !
শুষ্ক,মৃদু,ভঙ্গুর সবই হবে স্বর্ণপদক,
শিক্ষক মোরা নইকো ঘাতক,
কোমলতায় শ্রেষ্ঠ সাধক।।

২৭.১০.২০২২

https://toulot.com/lekhok-members/ferdausi/notifications/




# সদ্বাক্য

জান্নাতুল ফেরদৌসী

কবিতায় থাকে আলাপ,
কিছু কথা,আর কিছু সদ্বাক্য।
স্বপ্নের কথা,মনের আশেপাশে
উঁকি দিয়ে যায় নিষ্পাপ আবেশে !
হোকনা যত ব্যথার ঝাঁপি,
কালো ছায়ায় মলিন তাপিত শাঁপি।
রবে না মনে থাকনা শত ক্লেশ-বাক্য,
সবই ভিন্ন ধারায় এসে ঠাঁই মিলবে
ছোট্ট এই কুঠিরে মেলবন্ধের দ্বারে।
বাকি থাকে থাক,তবুও থেমে থাকেনা
নিবুনিবু প্রদীপের শিখার ঘুষঘুষুনি
উত্তাপটুকু;
গাঁট বাঁধা কালির চন্দনে স্নান হবে
সবটুকু !!

১৮.১০.২০২২

https://toulot.com/lekhok-members/ferdausi/notifications/



## বরিষ ধরা

জান্নাতুল ফেরদৌসী

ঝিরিঝিরি বরিষ ধরার মাঝে
মন ছুটে যাই আপন সাজে !
দিবাকর নিশাকর মিলে সবে একে
ঠাঁই মেলে দুজনার বসুধার বাঁকে ।
নিশ্চুপ দিবাকর মুদিত নেত্রে
দেখিছে নিলীমার বারিধা পাত্রে পাত্রে !
মাতাল হওয়ায় খুলিছে কপাট,
বৃক্ষপত্রে লাগিছে ঝটাক ।
শনশন,বনবন,চারপাশ ছমছম,
কী জানি কী হয়,তবু গাই থামথাম !

২২.১০.২০২২

https://toulot.com/lekhok-members/ferdausi/notifications/



# ০ভয়০

জান্নাতুল ফেরদৌসী

কুয়াসায় ঢাকা ভয়;
হবে হবে জয় !
হৃদ-মাঝারে ভয় ;
হতে হবে ক্ষয় !
পিছু ডাকা ভয় ;
সত্যি কভু নয় !
স্মরণে রেখো তাকে-
এনেছে যে তোমায়
মেদিনীর বুকে !
তুচ্ছ-জাল,তুষ্ট-চাল,
যত আছে হাল-চাল ;
শুদ্ধিতায় সিদ্ধিলাভ
চোরাবালির শত-জাল !
সাহস রাখো মনে-
কেটে যাবে ক্ষণে,
কিছুটা সময় বেঁধেছ যাঁর সনে !!

২২.১০.২০২২

https://toulot.com/lekhok-members/ferdausi/notifications/